



কলেজ শিক্ষকদের জন্য বিশেষ কার্যক্রম:

গত দুবছর বাংলাদেশের প্রধান শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (NAEM) এর সঙ্গে এক সমঝোতা অনুযায়ী তথ্য কেন্দ্রটি কলেজ শিক্ষকদের জন্য বিশেষ কার্যক্রম পরিচালনা করে। এ বছরেও সেই কার্যক্রম অব্যাহত থাকে। বছরের সূচনাতেই ইউনিক ঢাকা নায়েমে প্রশিক্ষণরত কলেজ অধ্যক্ষদের জন্য জাতিসংঘ সভাকক্ষে জাতিসংঘের কর্মতৎপরতা সম্পর্কে ব্রিফিং অধিবেশনের ব্যবস্থা করে। নায়েমের একজন সিনিয়র অফিসারের নেতৃত্বে দেশের বিভিন্ন স্থান থেকে আগত ৩৩ জন অধ্যক্ষ এতে অংশ নেন। তথ্য কেন্দ্রের কর্মকর্তা বাংলাদেশে জাতিসংঘের স্থানীয় ও বিশ্বব্যাপী নানা ধরনের তৎপরতা তুলে ধরে বক্তব্য রাখেন। আলোচনাকালে পাওয়ার পয়েন্ট উপস্থাপনার ব্যবস্থা করা হয়। আলোচনা শেষে অধ্যক্ষগণ প্রশ্নোত্তর পর্বে অংশ নেন। মে মাসে ইউনিক ঢাকা নায়েমে চার মাসব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী ৯৬ জন কলেজ শিক্ষকের জন্য বিশেষ লেকচার অধিবেশনের আয়োজন করে। নায়েমেরই লেকচার কক্ষে অনুষ্ঠিত এই অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাপক ও কেন্দ্রের কর্মকর্তা জাতিসংঘের উদ্দেশ্য, গঠন ও ম্যান্ডেটসমূহ সম্পর্কে বক্তব্য রাখেন। প্রশ্নোত্তর পর্বে শিক্ষকদের মধ্যে যথেষ্ট উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়। তথ্য কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিক অধিবেশনটি সমন্বয় করেন।

পরবর্তী মাসে তথ্য কেন্দ্র দুটি পৃথক ব্যাচে জাতিসংঘ সভাকক্ষে নায়েমে প্রশিক্ষণরত ৬৬ জন কলেজ শিক্ষককে ব্রিফিং দেয়। প্রথম ব্যাচে বাংলাদেশ ইউএনএইডস প্রধান ও দ্বিতীয় ব্যাচে বাংলাদেশে আন্তর্জাতিক অভিবাসন সংস্থার আঞ্চলিক প্রতিনিধি বিশেষজ্ঞ হিসেবে বক্তব্য রাখেন। উভয় সময়ে তথ্য কেন্দ্রের কর্মকর্তা জাতিসংঘের স্থানীয় ও



বিশ্বব্যাপী কর্মতৎপরতার বিবরণ দেন। শিক্ষকদের এইচআইভি/এইডস সম্পর্কিত ভিডিও দেখানো হয় এবং উভয় অধিবেশনে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়। শিক্ষকগণ বেশ কিছু প্রশ্ন উত্থাপন করেন ও তথ্য কেন্দ্রের কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশ করেন। তাঁদের প্রত্যেকে Basic Facts About United Nations (আজকের জাতিসংঘ) শীর্ষক পুস্তকের এক কপি বাংলা অনুবাদ উপহার দেওয়া হয়।